64

দৈনিক সংবাদ

তারিখ ... 15 AUG 1994
পৃষ্ঠা ৭ কলাম ২

# শরীয়তপুরে ১০ বছরে সরকারি প্রাথমিক বিদ্যালয় বেড়েছে মাত্র ১৪টি

## ২৪ হাজার ছেলেমেয়ে স্কুলে যায় না

শরীয়তপুর, ১৪ই আগস্ট (নিজস্ব সংবাদদাতা)।– শরীয়তপুরে গত দশ বছরে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র–ছাত্রীদের সংখ্যা কয়েক গুণ বৃদ্ধি পেলেও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা তেমন বাড়েনি। গত ১০ বছরে এ জেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয় বেড়েছে মাত্র ১৪টি। শরীয়তপুরে ১৯৮৪ সালে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ছিল ৩শ' ৮২টি। এরমধ্যে সদর থানায় ৭২টি, নড়িয়া থানায় ৮৭টি, ভেদরগঞ্জ থানায় ৮৪টি, জাজিরা থানায় ৫৬টি, ডামুড্যা থানায় ৪৩টি, গোসাইর হাট থানায় ৪৩টি। ১৯৯৪ সালের জুলাই পর্যন্ত ১৪টি বৃদ্ধিপ্রাপ্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা দাঁড়িয়েছে ১শ' ৯৬টি। এর মধ্যে সদর থানায় ৭৪টি, নড়িয়া থানায় ৮৯টি, ভেদরগঞ্জ থানায় ৮৭টি, জাজিরা থানায় ৫৪টি, ডামুড্যা থানায় ৪৫টি ও গোসাইর হাট থানায় ৪৫টি এবং বেসরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে ৭৪টি। জেলা প্রাথমিক শিক্ষা অফিসের এক সূত্র মতে শরীয়তপুরে প্রাথমিক বিদ্যালয়ে গমন উপযোগী ছেলে–মেয়ে রয়েছে ১ লাখ ৬২ হাজার ৭শ' ৫৮ জন। সূত্র মত প্রকাশ করেছে, শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা কম, কৃষিকাজে ছেলে–মেয়েদের নিয়োগ, অর্থ–নৈতিক সংকট ও অভিভাবকদের গাফিল–তির কারণে এখনো এ জেলায় ২৪ হাজার ১৬ জন ছেলে–মেয়ে প্রাথমিক বিদ্যালয়ে যাচ্ছে না।